গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-৩ শাখা

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান এনডিসি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ	১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

২। <u>উপস্থাপনা ও আলোচনা</u>:

২.১) সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক বলেন, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভা ১৯/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে তা অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

২.২) প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৮৫৫.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৯ থেকে জুন ২০২৩ পর্যন্ত। সম্পূর্ণ জিওবি অর্থে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর ভৌত সুবিধাদি শক্তিশালী করার মাধ্যমে এর সক্ষমতা বৃদ্ধি করা; দেশী বিদেশী প্রশিক্ষণার্থী ও পেশাদারীদের চাহিদা পূরণের জন্য বার্ডের ভৌত সুবিধাদি সম্প্রসারণ ও আধুনিকায়ন করা; বার্ডের প্রশিক্ষণ, গবেষণা ও প্রয়োগিক গবেষেণা কার্যক্রমের সাপোর্ট সার্ভিস এর উন্নয়ন করা এবং প্রশিক্ষণার্থী ও বার্ডের কর্মীদের জন্য আবাসন সুবিধাদি সম্প্রসারণ করা। প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে বার্ডের ভিতরে সার্কুলার রোড ও এপ্রোসরোড সংস্কার; অফিস এলাকার ওয়াকওয়ে নির্মাণ; বাউন্ডারি ওয়ালের অংশ বিশেষ পুণঃনির্মাণ; ইনডোর স্পোর্টস কমপ্লেক্স নির্মাণ; লন টেনিস কোর্ট নির্মাণ; বার্ড ক্যাফেটেরিয়ার জন্য আধুনিক ওয়াশ রুম নির্মাণ; হোস্টেলের জন্য অপেক্ষাগারসহ অভ্যর্থনা অফিস নির্মাণ; আধুনিক রান্নাঘর নির্মাণ; পুকুর খনন ও পাড় বাধাঁইকরণ (লাইটিংসহ); ড্রেইনেজ ব্যবস্থা উন্নতকরণ; স্পাউটিং

ফাউন্টেইন নির্মাণ; পানি বিশুদ্ধকরণ প্ল্যান্ট স্থাপন; হোস্টেলসমূহ আধুনিকায়ন; অফিস ভবন এবং আবাসিক বিল্ডিং আধুনিকায়ন করা; বার্ডের ল্যান্ডস্কেপিং ও মাস্টার প্ল্যান প্রণয়ন বিষয়ক কনসাল্টিং ফার্ম নিয়োগ এবং বিল্ডিং এর ডিজাইন, সুপারভিশন ও মান নিয়ন্ত্রণ বিষয়ক কনসাল্টিং ফার্ম নিয়োগ করা।

২.৩) প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৮৫৫.০০ লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে মার্চ, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অর্থছাড়ের পরিমাণ ৩৫৭৪.৪৭ লক্ষ টাকা এবং মার্চ, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ২২৭০.৯৭ লক্ষ টাকা। প্রকল্প শুরু থেকে মার্চ, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ৬৩.৫৩% এবং ৬৫%।
২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত এডিপিতে ১৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। যার বিপরীতে মার্চ, ২০২৩ পর্যন্ত ৬১০.৯৭ লক্ষ অবমুক্ত করা হয়েছে এবং ৩০১.৭০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। চলতি অর্থবছরের মার্চ, ২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২২% ।
২.৪) প্রকল্প পরিচালক সভায় অবগত করেন যে, প্রকল্পের অন্তর্ভূক্ত ০৭টি কম্পোনেন্টের চুক্তি মূল্য প্রকল্পের প্রাক্কলিত বরাদ্দ থেকে কম হওয়ায় আনুমানিক ১৬২.২৫ লক্ষ টাকা সাশ্রয় বা উদ্বৃত্ত হয়েছে। উদ্বৃত্ত বা সাশ্রয়কৃত অর্থ প্রকল্পভূক্ত ০২টি কম্পোনেন্টে যেমন-রান্নাঘর আধুনিকায়ন ও হোস্টেলের জন্য অপেক্ষাগারসহ অভ্যর্থনা অফিস নির্মাণ কাজে সমন্বয় করা যায়। এ ক্ষেত্রে পিআইসি সভায় উদ্বৃত্ত অর্থ আন্ত:খাত সমন্বয় করার জন্য সুপারিশ করা হয়।
২.৫) প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পটি বি-ক্যাটাগরিভূক্ত হওয়ায় এবং করোনাসহ নানাবিধ কারণে প্রকল্পটির সকল কম্পোনেন্টের কার্যক্রম যথাসময়ে শুরু ও সম্পন্ন করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পটির মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে প্রকল্পের বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভায় ও মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় প্রকল্পটির মেয়াদ আরো ১ বছর বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রকল্প স্টিয়ারিং কমিটির সুপারিশ প্রয়োজন।

৩। **<u>সিদ্ধান্ত:</u>**

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ আরো এক বছর (৩০শে জুন ২০২৪) পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সভায় সম্মতি প্রদান করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়।
৩.২) প্রকল্পের আন্তঃখাত সমন্বয়ের বিষয়ে সভায় সম্মতি প্রদান করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হয়।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৯.১৪.০০৭.২০.৩৯

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০
২৬ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
২) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৩) সদস্য, কার্যক্রম বিভাগ,পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৪) মহাপরিচালক, মহাপরিচালক (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
৭) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৮) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯) যুগ্মসচিব (রুটিন দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) সিনিয়র সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

মো: তৈয়ব আলী
উপসচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৪র্থ সভা সংক্রান্ত আগামী ১৭/০৪/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরাঃ-

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দাপ্তরিক ঠিকানা	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১।	ড. সুমায়রা সুলতানা অতিরিক্ত সচিব (পরিচালক)	RDCD	০১৫৫২৩৪১২১৪	১৭/০৪/২০২৩
০২।	আকরাম উদ্দীন আহমদ খান	JS, RDCD	01731545271	১৭/০৪/২৩
০৩।	মোঃ তৈয়ব আলী উপসচিব	RDCD	01715814311	১৭/৪/২০২৩
০৪।	মোঃ আবদুর রহিম সহকারী সচিব	RDCD	01723842078	১৭/৪/২৩
০৫।				
০৬।				
০৭।				
০৮।				
০৯।				
১০।				
১১।				
১২।				
১৩।				
১৪।				